

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
ভূমি অধিগ্রহণ শাখা
www.sylhet.gov.bd

নম্বর : ০৫.৪৬.৯১০০.০১২.৩৩.০১৮.২৫. ৪৭৯


তারিখ : ২০ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

গণবিজ্ঞপ্তি

বিষয় : ভূমি অধিগ্রহণ মামলা নম্বর ১৫/২০২৫-২০২৬ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, “সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন” শীর্ষক প্রকল্পের জন্য সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলাধীন ৩৬ নম্বর জেএলস্থিত উত্তরভাগ মৌজায় ০.৯০৫৯ একর, ৩৫ নম্বর জেএলস্থিত বাগরখলা মৌজায় ০.৭৭৩৬ একর, ৩৪ নম্বর জেএলস্থিত হিলালপুর মৌজায় ৪.৪৬৩৫ একর, ৩৭ নম্বর জেএলস্থিত মাইজভাগ মৌজায় ৪.৯৫৭৬ একর, ৩৩ নম্বর জেএলস্থিত হাতিমনগর দক্ষিণ মৌজায় ০.৮৪৮৯ একর, ৪২ নম্বর জেএলস্থিত মচকাপুর মৌজায় ০.৫৪৬১ একর, ৩২ নম্বর জেএলস্থিত কায়স্থগ্রাম মৌজায় ৫.৪৬৯১ একর, ৩১ নম্বর জেএলস্থিত কিসমত মাইজভাগ মৌজায় ২.৯৫২৮ একর সহ সর্বমোট ২০.৯১৭৫ একর ভূমি অধিগ্রহণের জন্য যৌথ তদন্ত সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে যৌথ তালিকা তৈরী করা হয়েছে। যৌথ তালিকায় অবকাঠামো/ঘরবাড়ি অন্তর্ভুক্ত না হওয়ার বিরুদ্ধে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনারের নিকট আবেদন দাখিল করা যাবে। এছাড়াও জমির মালিকানা/স্বার্থ সংশ্লিষ্টতা সম্পর্কিত যৌথতদন্তে প্রকাশিত বিষয়ে আপত্তি ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, সিলেট এর নিকট দাখিল করা যাবে।

সংযুক্তি : যৌথ তদন্ত তালিকা


শিল্পী রাণী মোদক
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
সিলেট
ফোন- ০৮২১-৭১৬০৫৮

বিতরণ :

- ১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
- ২। জেলা প্রশাসক, সিলেট
- ৩। প্রকল্প ব্যবস্থাপক-১ (নিঃপ্রঃ), সওজ এর কার্যালয়, সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়ন প্রকল্প সওজ-বৈদেশিক সহায়তাপুষ্টি প্রকল্পসমূহের কার্যালয়, সড়ক ও জনপথ অধিদপ্তর রোড-২৭, ব্লক-এ, বনানী, ঢাকা ১২১৩, (প্রকল্পের সুবিধাজনক স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট (যৌথ তালিকা উপজেলার ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। সহকারী কমিশনার (ভূমি), গোলাপগঞ্জ, সিলেট (উপজেলা ভূমি অফিসের নোটিশবোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৬। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (যৌথ তালিকা ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

“
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
সিলেট